গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদর্শ সদর, কুমিল্লা।

স্মারক নং-০৫.৪২.১৯৬৭.০০০.৪৫.০০৩.২১-৭৮৩

তারিখ: ০১ আষাঢ় ১৪৩০
১৫ জুন ২০২৩

**-: আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা-২০২৩ উপলক্ষে আদর্শ সদর উপজেলার পশুর হাট ইজারা প্রদান বিজ্ঞপ্তি:-**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা এর স্থানীয় সরকার শাখার ১৫.৬.২০২৩ তারিখের ০৫.২০.১৯০০.০৯.৪১.০১৩(ক).২৩-৬৪২ নম্বর স্মারকের অনুমতির প্রেক্ষিতে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা-২০২৩ উপলক্ষে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তালিকা অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কোরবানীর পশুর হাট বসানোর লক্ষে নিম্নলিখিত সময়সূচি ও শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০২। ইজারা গ্রহণে আগ্রহী/ইচ্ছুক ব্যক্তিগণ নিম্নলিখিত স্থান/কার্যালয় হতে নিম্নলিখিত সময়সূচি মোতাবেক দরপত্রের সিডিউল ক্রয় (অফেরতযোগ্য) ও দরপত্র দাখিল করতে পারবেন।

**-:দরপত্রের সিডিউল ক্রয়ের স্থান:-**

ক) জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
খ)। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আদর্শ সদর, কুমিল্লা।
গ) সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, আদর্শ সদর, কুমিল্লা।
ঘ) কোতয়ালী মডেল থানা, কুমিল্লা।
ঙ) সোনালী ব্যাংক লি:, কর্পোরেট শাখা, কুমিল্লা।

**-: দরপত্র দাখিলের স্থান:-**

ক) জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আদর্শ সদর, কুমিল্লা।
গ) সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, আদর্শ সদর, কুমিল্লা।

-:সময়সূচি:-

| পর্যায় | সিডিউল বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|
| ১ম | ১৮.৬.২০২৩খ্রি: হতে ২০.৬.২০২৩খ্রি: পর্যন্ত সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত | ২১.৬.২০২৩খ্রি: সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত | দরপত্র দাখিলের দিনই বিকাল ০৩.০০ ঘটিকার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা ও বাছাই করা হবে। |
| ২য় | ২২.৬.২০২১খ্রি: হতে ২৫.৬.২০২৩খ্রি: পর্যন্ত সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত | ২৬.৬.২০২৩খ্রি: দুপুর ০১.০০ টা হতে বিকাল ০৩.০০ টা পর্যন্ত | |

০৩। এ ব্যাপারে বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

হাট-বাজারের তালিকা

| ক্রঃনং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | দরপত্রের মূল্য | কাংখিত মূল্য |
|---|---|---|---|---|
| ১ | কালীর বাজার অস্থায়ী গরু-ছাগলের হাট | কালিরবাজার | ১৮০০/- | ৫,৬৬,৩৩৪ |
| ২ | সৈয়দপুর অস্থায়ী গরু-ছাগলের হাট | কালির বাজার | ১২০০/- | ২,১৭,৯২০ |
| ৩ | ধনুয়াখলা বাজার অস্থায়ী গরু-ছাগলের হাট | কালির বাজার | ৫০০/- | ৭২০৮ |
| ৪ | অলিপুর অস্থায়ী গরু-ছাগলের হাট | কালির বাজার | ৫০০/- | ২৮,৪৪৫ |
| ৫ | বড়দৈল অস্থায়ী গরু-ছাগলের হাট | দুর্গাপুর (উ:) | ৫০০/- | ৬৬,৪২৭ |
| ৬ | কাশিনাথপুর দিদার সমিতি মাঠ অস্থায়ী গরু-ছাগলের হাট | দুর্গাপুর (দ:) | ৫০০/- | ১২১৮৩ |
| ৭ | খেতাসার অস্থায়ী গরু-ছাগলের হাট | দুর্গাপুর (দ:) | ৫০০/- | ৪৯২৯ |
| ৮ | দুতিয়ার দিঘিরপাড় অস্থায়ী গরু-ছাগলের হাট | আমড়াতলী | ৫০০/- | ৫১,৪৩৭ |
| ৯ | বানাসুয়া অস্থায়ী গরু-ছাগলের হাট | আমড়াতলী | ১৮০০/- | ৫,১১,৬৪৯ |
| ১০ | তেলকুপি বাজার অস্থায়ী গরু-ছাগলের হাট | আমড়াতলী | ৫০০/- | ২২,৬১৭ |
| ১১ | মুন্সির হাট অস্থায়ী গরু-ছাগলের হাট | পাঁচথুবী | ১০০০/- | ১,০৫,০০০/- |
| ১২ | শিবের বাজার অস্থায়ী গরু-ছাগলের হাট | পাঁচথুবী | ১২০০/- | ১,৩৬,৫৬৪ |
| ১৩ | সুবর্নপুর বাজার অস্থায়ী গরু-ছাগলের হাট | পাঁচথুবী | ৫০০/- | ৭১৬৪ |
| ১৪ | শাহাপুর বদিশাহী বাজার অস্থায়ী গরু-ছাগলের হাট | পাঁচথুবী | ১০০০/- | ১,০৪,৪১০ |
| ১৫ | কাড়ঘড়ল অস্থায়ী গরু-ছাগলের হাট | পাঁচথুবী | ৫০০/- | ১২০০/- |
| ১৬ | চানপুর গাউছিয়া মসজিদ মাঠ অস্থায়ী গরু-ছাগলের হাট | পাঁচথুবী | ২৫০০/- | ৯,৩৩,২৬৫ |
| ১৭ | জালুয়াপাড়া অস্থায়ী গরু-ছাগলের হাট | পাঁচথুবী | ৫০০/- | ৭৩,৮৪৭ |
| ১৮ | বাজগাড্ডা বাজার অস্থায়ী গরু-ছাগলের হাট | জগন্নাথপুর | ৫০০/- | ২০৪৫৮ |
| ১৯ | দিঘির বাজার অস্থায়ী গরু-ছাগলের হাট | জগন্নাথপুর | ১২০০/- | ২,১২,৩৩৩ |
| ২০ | বৌয়ারা বাজার অস্থায়ী গরু-ছাগলের হাট | জগন্নাথপুর | ৫০০/- | ৪৬,৬৪০ |
| ২১ | বালুতুপা বাজার অস্থায়ী গরু-ছাগলের হাট | জগন্নাথপুর | ৫০০/- | ১৪,০১০ |
| ২২ | কমলাপুর বাজার অস্থায়ী গরু-ছাগলের হাট | জগন্নাথপুর | ৫০০/- | ৮৫১৬ |
| ২৩ | ভুটুয়া শ্রীপুর বাজার অস্থায়ী গরু-ছাগলের হাট | জগন্নাথপুর | ৫০০/- | ১১,৬৬০ |

## <u>আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা-২০২৩ উপলক্ষে অস্থায়ী পশুর হাট ইজারার শর্তাবলীঃ</u>

১। এ ইজারা শুধুমাত্র আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা-২০২৩ উপলক্ষে সম্পূর্ণ অস্থায়ী হিসাবে গণ্য হবে।

২। কোরবানীর পশুর হাটের চতুর্দিকে সীমানা বেড়া দিয়ে ক্রেতা-বিক্রেতার একমুখী চলাচল অর্থাৎ প্রবেশপথ এবং বহির্গমনের পৃথক-পৃথক পথ রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকলে যাতে স্বাস্থ্য বিধি অনুসরণ করে, তা নিশ্চিত করতে হবে। প্রত্যেক হাটের প্রবেশ মুখে <u>"স্বাস্থ্য বিধি অনুসরণ করে প্রবেশ করতে হবে"</u> ব্যানার লিখে প্রয়োজনীয় সংখ্যক স্থানে সাঁটানোর ব্যবস্থা করতে হবে। কোরবানীর পশুর হাট ব্যবস্থাপনা এবং পশু কোরবানীকালীন স্বাস্থ্য বিভাগ প্রণীত গাইডলাইন যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।

৩। হাটের প্রতিটি পশুর গায়ে টাগ নাম্বার নিশ্চিত করতে হবে।

৪। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক দরপত্রের সিডিউল ক্রয় ও দাখিল করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

৫। দরপত্র দাতাকে দরপত্রে উদ্বৃত মূল্যের উপর ৩০% জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে উপজেলা নির্বাহী অফিসার, আদর্শ সদর, কুমিল্লা এর অনুকূলে দাখিল করতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ (ফেরৎযোগ্য) হিসেবে সংরক্ষিত থাকবে। যদি কোন দরদাতা দাখিলকৃত দরের ৩০% অপেক্ষা কমমূল্য জামানত দাখিল করেন অথবা জামানতবিহীন দরপত্র দাখিল করেন, তবে তার দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। গৃহিত সর্বোচ্চ দরদাতার জামানত ব্যতিত অন্যান্যদের জামানত/ব্যাংক ড্রাফট দরপত্র কমিটির সিদ্ধান্তের পর আবেদনের প্রেক্ষিতে ফেরত প্রদান করা হবে।

৬। দরপত্র দাখিলের সময় সীলমোহরকৃত খামের উপর সংশ্লিষ্ট হাট/বাজারের নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

৭। সর্বোচ্চ দর কর্তৃপক্ষের অনুমোদনের পর চুড়ান্তভাবে গৃহীত হবে। সর্বোচ্চ দর গৃহীত বা অনুমোদনের সাথে সাথে ইজারা গৃহীতা উদ্বৃত দরের অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% আয়কর <u>"এ চালানের"</u> মাধ্যমে সোনালী ব্যাংক লি., কর্পোরেট শাখা/অগ্রণী ব্যাংক, কুমিল্লা হাউজিং এস্টেট শাখা, কুমিল্লায় জমা করে চালানের কপিসহ ইজারামূল্যের অবশিষ্ট সমুদয় অর্থ অত্রাফিসে জমা দিতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে সমুদয় টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্তসহ তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং হাটটি পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। ইজারার অনুমতি প্রদানের পর হতে ঈদ-উল-আযহার দিন পর্যন্ত অনুমতি বহাল থাকবে।

৯। হাটের সম্পর্কে কোন আদালতে কোন নিষেধাজ্ঞা থাকলে বাজার বসানো যাবে না।

১০। ইজারাদার নিজ উদ্যোগে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে জামানত বাজেয়াপ্ত হবে এবং গরু ছাগলের ক্রেতা বিক্রেতার নিরাপত্তা বিধান করতে হবে। ইজারার কোন শর্ত ভঙ্গ না করলে ঈদ-উল-আযহার পর জামানতের ৫% অর্থ ফেরত প্রদান করা হবে।

১১। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না।

১২। ইজারাগ্রহীতা কোনক্রমেই ইজারাপ্রাপ্ত হাট অন্যের নিকট সাব-লিজ বা বন্দোবস্ত প্রদান করতে পারবেন না। যদি অনুরুপ কোন কর্মকান্ড বা শর্ত লংঘন করে তবে তার জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল বলে গণ্য হবে এবং হাটটি পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। ইজারা গ্রহীতা সরকার কর্তৃক অনুমোদিত <u>টোল চার্ট</u> বোর্ডের মাধ্যমে বাজারের দর্শনীয় স্থানে নিজ খরচে প্রদর্শনের ব্যবস্থা নিশ্চিত করত সরকার কর্তৃক নির্ধারিত হারে টোল আদায় করতে হবে এবং সরকারি কর্মকর্তাদের পরিদর্শনের অধিকার থাকবে।

১৪। সর্বোচ্চ দরদাতা হাট-বাজার ইজারা দরপত্র অনুমোদনের পর যদি ইজারা গ্রহণে অনিচ্ছা প্রকাশ করে বা নিরুদ্দেশ হয়ে যায় তাহলে দাখিলকৃত জামানত বাজেয়াপ্ত হবে এবং বাজারটি পুনরায় ইজারা প্রদান করা হবে।

১৫। দরপত্রে উদ্বৃত দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্রে কোন প্রকার ঘষামাজা বা কাঁটাছেড়া করা যাবে না এবং দরপত্র দাতার সম্পূর্ন নাম ঠিকানা লিখতে হবে। অসম্পূর্ন ও ত্রুটিপূর্ন দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৬। কোন দরপত্র দাখিলদার বাজারের মূল্য কমানো বা ইজারা গ্রহণের জন্য আগ্রহী দরদাতাকে যে কোনভাবে বিরত করা বা অন্য কোনভাবে প্রভাব বিস্তারে লিপ্ত হয়েছে এরুপ প্রমানিত হলে উক্ত দরপত্রদাতার দরপত্র বাতিল করা হবে এবং জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১৭। এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাবলী প্রতিকর্মদিবসে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

১৮। এ ইজারা আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে সম্পূর্ন অস্থায়ী বিধায় কৃতকার্য দরদাতাকে নিজ ব্যবস্থাপনায় গরু-ছাগলের হাট বসাতে হবে। হাটের জায়গা বা অন্যান্য বিষয়ে কোন আপত্তি বা আইন-শৃংখলার বিঘ্ন ঘটানো যাবে না।

১৯। গরু-ছাগল বা কোরবানীর পশু ব্যতীত অন্য কোন মালামাল পরিবহনকারী বা যানবাহনের নিকট হতে ইজারাদার কোন প্রকার <u>টোল আদায়</u> করতে পারবে না।

২০। কর্তৃপক্ষ কোনরুপ কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২১। সড়ক/মহাসড়কে যানবাহন নির্বিঘ্নে চলাচলের সুবিধার্থে জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের উপর বা সন্নিকটে কোন ক্রমেই পশুর হাট বসানো যাবে না। এ নির্দেশনা অমান্যকারীদের বিরেদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে যথাযথ আইনগত ব্যবস্থ গ্রহণ করা হবে।

২২। অস্থায়ী পশুর হাট স্থাপনের জন্য অনুমোদন প্রদানকৃত স্থানসমূহ ব্যতীত অন্যত্র অধিকতর সুবিধাজনক স্থানে অস্থায়ী পশুর হাট কোনক্রমেই স্থাপন করা যাবে না।

২৩। অস্থায়ী হাট-বাজার ইজারা সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

Fatima 20/06/23

কানিজ ফাতেমা
উপজেলা নির্বাহী অফিসার
আদর্শ সদর, কুমিল্লা।
ফোন: ০৮১-৬৮৪২৫

21/6/2023

স্মারক নং-০৫.৪২.১৯৬৭.০০০.৪৫.০০৩.২১-৭৮৩(৭০)

তারিখ: ০১ আষাঢ় ১৪৩০ / ১৫ জুন ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-৬।
০২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, কুমিল্লা।
০৫। পুলিশ সুপার, কুমিল্লা।
০৬। সিভিল সার্জন, কুমিল্লা।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, কুমিল্লা।
০৮। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদর্শ সদর, কুমিল্লা।
১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদর্শ সদর, কুমিল্লা।
১১। সহকারী কমিশনার, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
১২। জেলা প্রাণীসম্পদ অফিসার, কুমিল্লা।
১৩। সহকারী কমিশনার (ভূমি), আদর্শ সদর, কুমিল্লা।
১৪। অফিসার ইনচার্জ, কোতয়ালী মডেল থানা, কুমিল্লা। সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচি অনুযায়ি দরপত্র দাখিল, খোলা ও বাছাইকালে নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো।
১৫। উপজেলা.......................................... অফিসার, আদর্শ সদর, কুমিল্লা।
১৬। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কর্পোরেট শাখা, কুমিল্লা/অগ্রণী ব্যাংক, হাউজিং এস্টেট শাখা, কুমিল্লা।
১৭। চেয়ারম্যান ........................... ইউনিয়ন পরিষদ, আদর্শ সদর, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা........................ ইউনিয়ন ভূমি অফিস, আদর্শ সদর, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি স্থানীয়ভাবে এলাকায় মাইক, ঢোল-সহরতের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৯। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, আদর্শ সদর, কুমিল্লা।
২০। জনাব ...................................................................................................................................... আদর্শ সদর, কুমিল্লা।
২১। অফিস কপি/নোটিশ বোর্ড।

কানিজ ফাতেমা
উপজেলা নির্বাহী অফিসার
আদর্শ সদর, কুমিল্লা।
ফোন: ০৮১-৬৮৪২৫
e-mail:unocomillasadar@gmail.com